সংবাদ

24 APR 2008

# বটিয়াঘাটায় এমপিওভুক্তি না হওয়ায় কয়েক শ' শিক্ষক কর্মচারীর দুর্বিসহ জীবনযাপন

সংবাদদাতা, বটিয়াঘাটা (খুলনা)

এমপিওভুক্তি না হওয়ায় বটিয়াঘাটা উপজেলার মাধ্যমিক করেজ ও মাদ্রাসার কয়েক শ' শিক্ষক-কর্মচারী দুর্বিসহ জীবনযাপন করছে। ফলে উপজেলার সার্বিক শিক্ষা ব্যবস্থায় হতাশা ছড়িয়ে পড়েছে।

সরকারি চাকরি বয়সসীমা নিয়ে চাকরিতে যোগদান করলেও এখন আর বেশিরভাগেরই সরকারি চাকরির বয়সসীমা পেরিয়ে গেছে। ফলে নতুন করে সরকারি চাকরিতে দরখাস্ত করার সুযোগ পাচ্ছেন না এসব শিক্ষক-কর্মচারী। বটিয়াঘাটা উপজেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কোন সরকারি শিক্ষা প্রতিষ্ঠান নেই। সরকারি পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে ৪১টি।

এর মধ্যে মাধ্যমিক বিদ্যালয় ২৬টি, কলেজ ৮টি, মাদ্রাসা ৭টি এসব শিক্ষা প্রতিষ্ঠানে এক হাজারের বেশি শিক্ষক-কর্মচারী চাকরিতে আছেন।

ভুক্তভোগী শিক্ষক-কর্মচারীরা জানান, মোটা অঙ্কের ডোনেশন দিয়ে নিয়োগ পেতে হয়। অথচ বছরের পর বছর বিনা পারিশ্রমিকে কাজ করে আসছে। অথচ বেতন না পাওয়ায় পরিবার-পরিজন নিয়ে এ দুর্মূল্যের বাজারে কি দুর্বিসহ জীবনযাপন করছে তা ভুক্তভোগী মহল ছাড়া অন্যের অনুমান করা কঠিন। আর দীর্ঘদিন বিনা বেতনে চাকরি করার দরুণ শিক্ষকদের মধ্যে প্রাতিষ্ঠানের শিক্ষামানের ক্ষেত্রে অনীহা দেখা দেয়ায় অভিভাবক মহলে ক্ষোভের সঞ্চার হয়েছে। বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা।

জানা গেছে, এমপিওভুক্ত হেড কোয়ার্টার মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কণিকা গোলদার, ভগবতী গোলদার, লতিকা মল্লিক, মুখাদড়া মাধ্যমিক বিদ্যালয়ের সুদর্শন রায়, অনুপ মণ্ডল, গোবিন্দ মণ্ডল, আয়েশা খাতুন, ফুলবাড়ী সিনিয়র মাদ্রাসার ভূঁইয়া আল মামুন সুরখালী মাধ্যমিক বিদ্যারয়ের চামেলা রায়, বিলয়ালী ডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের একজন মিক্ষক, শহীদ আবুল কাশেম কলেজের ১১ জন শিক্ষক-কর্মচারীও বেতন পান না। গরিয়ার ডাঙ্গা আদর্শ কলেজের ২৫ জন শিক্ষক এখনও এমপিওভুক্ত হতে পারেননি। অন্যদিকে বারোআড়িয়া শহীদ স্মরণী কলেজ, মুক্তিযোদ্ধা কলেজ, বটিয়াঘাটা বিএমএ কলেজ, খারাবাদ দাখিল মাদ্রাসা, গায়েরহাট দাখিল মাদ্রাসা, বুনারাবাদ দাখিল মাদ্রাসার অর্ধশত শিক্ষক-কর্মচারী অনেকদিন ধরে সরকারি বেতন পান না।

এ সব শিক্ষক প্রতিষ্ঠান এমপিওভুক্ত হলে উপজেলার শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটবে এবং শিক্ষক-কর্মচারীদের আর্থিক দুরবস্থার অবসান ঘটবে। এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফাতেমা বেগমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, এমপিওভুক্তির দায়িত্ব ডিজির। এ ব্যাপারে তার কিছু করার নেই। এসব শিক্ষা প্রতিষ্ঠান কেন এমপিওভুক্ত হয়নি সেটা শিক্ষা মন্ত্রণালয়ের ব্যাপার বলে তিনি মন্তব্য করেন। তিনি আরও জানান, এমপিওভুক্ত হলে শিক্ষকরা আন্তরিকতার সঙ্গে শিক্ষাদানে আগ্রহী হবে।